

ক্যালিপসো

অতনু বন্দ্যোপাধ্যায়

পড়তে পড়তে জ্বলে উঠলো পাতা  
ক্ষমা আর শীত  
ব্রিজের দুইধারে

লীখতে লিখতে ঘর অন্ধকার হল  
অসুখ সাজানো যার

ঠিকানার পাশে

রেওয়াজ

চার

এহেন চৌরাস্তা আমাদের ছিল না যখন হ্যাভেলস  
আসেনি...আসেনি পথের কিনার সেপিয়া রং-এর টানে নাভি  
থেকে পালানো শহর কিভাবে রুবিক পড়ে নিচ্ছে ইশারা কাটিয়ে।

হাসছে গড়ানো রাস্তা। অ্যাকোরিয়ামের একটা বিকেল ফেলে রাখছি  
পুকুরের পাশে। জলের কেরামতি নিয়ে।

তোমায় ছায়া রেখে গেল জঙ্গলের ভাষা। আর বন্ধুরা  
বিলেত থেকে এইতো ফিরেছে প্যাগোডা চিনতে।

ওদের ক্লিক চাই...ক্লিক চাই...

পাখি আর পাখিদের বাসায় আমাকে শুইয়ে রেখেছো।

এভাবে একটা রাস্তা ভাগ করা যায় না...সেটা গানও  
জানে...আর শীতের মানুষেরাও